

## বিশ্ব নেতাদের প্রতি ৩১ নোবেল বিজয়ীর খোলা চিঠি শান্তির জন্য শিশু শিক্ষায় জোর দিন

এএফপি লন্ডন

বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে শিশু শিক্ষার ওপর জোর দেয়ার আহ্বান জানিয়েছেন ৩১ নোবেল বিজয়ী। সেড দ্য চিলড্রেন পরিচালিত 'রিরাইট দ্য ফিউচার' শীর্ষক প্রচারণা কর্মসূচির অংশ হিসেবে যুক্তকবলিত বিভিন্ন দেশের শিক্ষাবলিত ৩৭ মিলিয়ন শিশুর দিকে মনোযোগ দেয়ার অনুরোধ জানিয়ে বিশ্ব নেতাদের প্রতি লেখা এক চিঠিতে তারা এ আহ্বান জানান।

কুটনৈতিক সংস্থা সেড দ্য চিলড্রেন জানিয়েছে, বিশ্বে বর্তমানে যুক্তকবলিত দেশগুলোতে মোট ৩ কোটি ৭০ লাখ শিশু ছুঁলে যাওয়ার সুযোগ পাচ্ছে না। সংস্থাটির মতে, কস্টোতে সর্বশেষ লড়াই শুরু

আগে ছুঁলে যাওয়ার বয়সী ৯৬ লাখ শিশুর মধ্যে প্রায় ৫০ লাখ শিশু ছুঁলে যেতে পারেনি। সহিংসতার কারণে আরো অনেকে ছুঁল ছাড়তে বাধ্য হয়েছে।

ভিক্তি নেতা দল্লাই লামা, স্যাবেক মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার, ডেনমার্ক টুটু এবং মিয়ানমারের নেত্রী অং সান সুচিসহ ৩১ নোবেল বিজয়ী ওই চিঠিতে বলেছেন, বয়স্করাই যুদ্ধ ও সংঘাত ঘটাবে। কিন্তু প্রত্যেক বয়স্ক ব্যক্তি একসময় শিশু ছিল এবং অভিজ্ঞতা ও দিকনির্দেশনা পেয়ে বড় হয়েছে। এর মূলে রয়েছে শিক্ষা।

সেড দ্য চিলড্রেনের 'রিরাইট দ্য ফিউচার' প্রচারণাভিডিওর অংশ হিসেবে লেখা ওই চিঠিতে যুক্তকবলিত দেশগুলোতে শান্তি

প্রতিষ্ঠার জন্য জরুরি ভিত্তিতে শিশুদের শিক্ষা নিশ্চিত করতে সরকার ও অন্য অংশীদারদের প্রতি আহ্বান জানিয়ে তারা আরো বলেন, বিশ্বে মোট ৭ কোটির বেশি শিশু ছুঁলে যাওয়ার সুযোগ না পায় এবং তাদের অর্ধেকই যদি যুদ্ধ বিধ্বস্ত দেশগুলোতে বেড়ে ওঠে তাহলে তারা কি শিখবে? তারা বলেন, শিশুদের মনেই শান্তির শুরু; তাই সেটি আর্জ থেকেই শুরু হওয়া উচিত।

২০০২ সালে শান্তিতে নোবেল পাওয়া জিমি কার্টার বলেন, শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে শিক্ষার ইতিবাচক প্রভাব আমি দেখতে পেয়েছি। শান্তি প্রতিষ্ঠায় শিশুদের প্রজাবকে খাটো করে দেবা হবে বোকামি।